

বেসুর উপাচার্য পদে অজয় রায়, মার্চ থেকে দায়িত্বে

নিম্নস্থ প্রতিনিধি : কলকাতা, ২৪শে ফেব্রুয়ারি - শিবপুর বেঙ্গল ইঞ্জিনিয়ারিং অ্যান্ড সায়েন্স ইউনিভার্সিটি (বেসু)-র পরবর্তী উপাচার্য হচ্ছেন অধ্যাপক অজয় রায়। তিনি বিশ্ববিদ্যালয়ের বর্তমান উপাচার্য নিখিলরঞ্জন বন্দ্যোপাধ্যায়ের স্থলাভিষিক্ত হবেন। নিখিলরঞ্জন বন্দ্যোপাধ্যায়ের মেয়াদ শেষ হচ্ছে ২৮শে ফেব্রুয়ারি। অজয় রায় আই আই টি খড়গপুরের ইলেকট্রনিক্স বিভাগের অধ্যাপক। তিনি সেখানকার মেডিক্যাল সায়েন্স অ্যান্ড টেকনোলজির দায়িত্বেও আছেন। প্রসঙ্গত, নতুন উপাচার্য নিয়োগের জন্য বেসুর কোর্ট থেকে তিন জনের অনুসন্ধান কমিটি গঠন করা হয়। কমিটির আহ্বায়ক হয়েছিলেন বিশ্ববিদ্যালয়ের নিবন্ধক বিমান বন্দ্যোপাধ্যায় এবং এই কমিটির কোর্ট মনোনীত সদস্য ছিলেন যাদবপুর বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন উপাচার্য শঙ্কর সেন এবং উচ্চ শিক্ষা সংসদ সভাপতি সুবিমল সেন। এছাড়া কমিটিতে রাজ্য সরকার মনোনীত সদস্য ছিলেন প্রাক্তন উপাচার্য দিলীপ বসু। পরবর্তী উপাচার্য পদের জন্য কমিটির ঠিক করা তিন জনের নামের তালিকায় প্রথম নাম ছিল অজয় রায়ের। আর নাম ছিল দুর্গাপুরের ন্যাশনাল ইনস্টিটিউট অব টেকনোলজির অধিকর্তা স্বপন ভট্টাচার্য এবং আই এস আই-র উপ অধিকর্তা ভার্গবী বিক্রম ভট্টাচার্যের। বিশ্ববিদ্যালয়ের আচার্য রাজ্যপাল গোপালকৃষ্ণ গাঙ্গীর কাছে পাঠানো হয়েছিল সেই তালিকা। জানা গেছে, এই তালিকাভুক্ত তিনজনের সঙ্গে ব্যক্তিগতভাবে কথা বলে আচার্য বেসু-র পরবর্তী উপাচার্য হিসাবে অজয় রায়কেই বেছে নিয়েছেন।